দৈনিক জনকণ্ঠ

১৭

তারিখ 25 SEP 1996

পৃষ্ঠা ১ কলাম ৭

ঢাকা বিশ্ববিদ্যালয়

# উপাচার্য প্যানেলের নির্বাচন আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** আজ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য প্যানেল নির্বাচন। বিশ্ববিদ্যালয় সিনেটের বিশেষ অধিবেশনে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। বিকাল চারটায় প্রশাসনিক ভবনের সিনেট কক্ষে সিনেট

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## উপাচার্য প্যানেলের

(প্রথম পাতার পর)

সদস্যরা উপাচার্য প্যানেল নির্বাচনের লক্ষ্যে অধিবেশনে মিলিতে হবেন।

আওয়ামী লীগ ও বিএনপি সমর্থিত শিক্ষকদের দু'টি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে। আওয়ামী লীগ সমর্থিত নীল গ্রুপের প্যানেলে রয়েছেন তিন অধ্যাপক। তাঁরা হলেন অধ্যাপক একে আজাদ চৌধুরী, অধ্যাপক এটিএম জহরুল হক ও অধ্যাপক শাহাদাত আলী। প্রধানত বিএনপি সমর্থিত সাদা প্যানেলের তিন অধ্যাপক হলেন অধ্যাপক ওয়াকিল আহমদ, অধ্যাপক মোঃ সুলতান হোসেন ও অধ্যাপক মাহমুদ-উল আমীন।

এক ব্যক্তি তিন ভোটের ভিত্তিতে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ব্যক্তির নাম পাঠানো হবে বিশ্ববিদ্যালয় চ্যান্সেলরের কাছে। চ্যান্সেলর তিনজনের যে কোন একজনকে উপাচার্য পদে মনোনয়ন দেবেন।